

বাংলায় এমডিজি পোর্টালের উদ্দেশ্য

উন্নয়নের মূল লক্ষ্য হচ্ছে জীবন যাত্রার উন্নয়ন। এর কিছু বস্তুগত দিক আছে, কিছু সামাজিক দিক আছে। যে কোন উন্নয়নশীল দেশে, বিশেষতঃ বাংলাদেশের মত দেশে জীবন যাত্রার উন্নয়ন মানে হচ্ছে বেশ কিছু মোটাদাগের ব্যাপারে সচেষ্টি ও সচল হওয়া। এমডিজি হচ্ছে এধরনের সময়োপযোগী এবং যুগপোযোগী কিছু লক্ষ্য যা স্বল্পোন্নত এবং উন্নয়নশীল দেশের মানুষের দুর্দশা দূরীকরণে সহায়ক বিশ্বব্যাপী প্রাতিষ্ঠানিক অঙ্গিকার। এসব লক্ষ্যের মধ্যে রয়েছে শিক্ষার প্রসার, মাতৃ মৃত্যু হার কমানো এবং এইচআইভি/এইডস নিয়ন্ত্রণ। ইতিমধ্যে বাংলাদেশে দারিদ্র কমিয়ে আনার ও নবজাতক মৃত্যুহার রোধে ব্যাপক উন্নতি হয়েছে। অন্যদিকে মাতৃ মৃত্যু হার ধীরে ধীরে হলেও কমে আসছে এবং এইচআইভি/এইডস এর বিরুদ্ধে জনগনকে সচেতন করা শুরু হয়েছে।

কিন্তু মোটের উপর উন্নয়ন গতি সমভাবে লক্ষিত হচ্ছে না। ভবিষ্যতে আরও চেষ্টা গ্রহণ করতে হবে যাতে করে ২০১৫ সালের মধ্যে এসকল লক্ষ্য মাত্রা অর্জন করা যায়। বাংলাদেশ ইতিমধ্যে এ সংক্রান্ত কিছু প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছে এবং অন্তর্বর্তীকালীন দারিদ্র দূরীকরণের কৌশলপত্র তৈরী করেছে যাতে বিশেষ করে এমডিজি এর বেশ কয়েকটি লক্ষ্য অন্তর্ভুক্ত রয়েছে।

দারিদ্র বিমোচনের কৌশল সমূহ প্রাতিষ্ঠানিকভাবে চালু করা বাংলাদেশ সরকারের একটি প্রধান উন্নয়ন কর্মকাণ্ড যা সংগতভাবে এমডিজি এর সাথে জড়িত। উপরন্তু বাংলাদেশ সরকার তথ্য প্রযুক্তির কার্যক্রমে এমডিজিকে অগ্রাধিকার দিয়েছে এবং এর অগ্রগতিতে বিভিন্ন কর্মকাণ্ড পরিচালনা করছে। এসকলের মধ্যে ইন্টারনেট এবং ইন্টারনেট এর জন্য বাংলা উপকরণ তৈরী করার ব্যাপারে গুরুত্বারোপ করা হয়েছে। বর্তমানে এসডিএনপি কর্তৃক তৈরী ও রক্ষণাবেক্ষণ করা এই বাংলা ওয়েব পোর্টাল এমডিজি সংক্রান্ত অর্জিত লক্ষ্য এবং লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক পদক্ষেপ হিসাবে কাজ করবে বলে আমরা আশা করি। বিশেষ করে বাংলায় তৈরীর কারণে জনগনের এক বিশাল অংশ এর ফলে এমডিজি সংক্রান্ত তথ্য আরো সহজে পাবেন বলে আমাদের বিশ্বাস।